

## ■ রিয়ায়ুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬১]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩৩: অনাথ-এতীম, কন্যা-সন্তান ও সমস্ত দুর্বল ও দরিদ্রের সঙ্গে নৃতা, তাদের প্রতি দয়া ও তাদের সঙ্গে বিন্যন্ত ব্যবহার করার গুরুত্ব

بَابُ مُلَاطَفَةِ الْيَتِيمِ وَالْبَنَاتِ وَسَائِرِ الْضَّعْفَةِ وَالْمَسَاكِينِ وَالْتَّوَاضُعِ مَعَهُمْ وَخَفْضِ الْجَنَاحِ  
لَهُمْ - (33)

আরবী

وَعَنْ أَبِي هُبِيرَةَ عَائِدِ بْنِ عَمْرُو الْمَزَنِيِّ وَهُوَ مِنْ أَهْلِ بَيْعَةِ الرِّضْوَانِ رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنَّ  
أَبَا سُفِيَّانَ أَتَعَلَّى سَلْمَانَ وَصُهَيْبَ وَبِلَالَ فِي نَفْرَ فَقَالُوا : مَا أَخَذَتْ سُيُوفُ اللَّهِ مِنْ  
عُدُوِّ اللَّهِ مَا أَخَذَهَا ، فَقَالَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ : أَتَقُولُونَ هَذَا لِشَيْخِ قُرْيَاشٍ وَسَيِّدِهِمْ؟  
فَأَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، فَأَخْبَرَهُ فَقَالَ : يَا أَبَا بَكْرٍ لَعَلَّكَ أَغْضَبَتَهُمْ ؟ لَئِنْ أَنْتَ  
أَغْضَبَتَهُمْ لَقَدْ أَغْضَبَتَ رَبَّكَ ؟ فَأَتَاهُمْ فَقَالَ : يَا إِخْوَتَا هُوَ أَغْضَبَتُكُمْ ؟ قَالُوا : لَا ، يَغْفِرُ اللَّهُ  
لَكَ يَا أَخَيَّ . رَوَاهُ مُسْلِمٌ . قَوْلُهُ « مَا أَخَذَهَا » أَيْ : لَمْ تَسْتَوِ حَقَّهَا مِنْهُ . وَقَوْلُهُ :  
يَا أَخَيَّ « رُوِيَ بِفَتْحِ الْهَمْزَةِ وَأَسْرِ الْخَاءِ وَتَخْفِيفِ الْيَاءِ ، وَرُوِيَ بِضْمِ الْهَمْزَةِ وَفَتْحِ الْخَاءِ  
وَتَشْدِيدِ الْيَاءِ .

বাংলা

২/২৬৬। বায়আতে রিয়ওয়ানে অংশগ্রহণকারীদের একজন (সাহাবী) আবু হুবাইরাহ 'আইয ইবনু 'আমর মুয়ানী রাদিয়াল্লাহ 'আনহু বলেন, (হুদাইবিয়ার সন্ধি ও বায়আতের পর) আবু সুফিয়ান (কাফের অবস্থা) সালমান, সুহাইব ও বিলালের নিকট এল। সেখানে আরো কিছু সাহাবা উপস্থিত ছিলেন। তাঁরা (আবু সুফিয়ানের প্রতি ইঙ্গিত করে) বললেন, 'আল্লাহর তরবারিগুলো আল্লাহর শক্তির হক আদায় করেনি।' (এ কথা শুনে) আবু বকর রাদিয়াল্লাহ 'আনহু বললেন, 'তোমরা এ কথা কুরাইশের বয়োবৃন্দ ও তাদের নেতার সম্পর্কে বলছ?'

অতঃপর আবু বকর রাদিয়াল্লাহ 'আনহু নবী সাল্লাল্লাহ 'আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এলেন এবং (এর) সংবাদ দিলেন। নবী সাল্লাল্লাহ 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, "হে আবু বকর! সম্ভবতঃ তুমি তাদেরকে (অর্থাৎ সালমান, সুহাইব ও বেলালকে) অসন্তুষ্ট করেছ। তুমি যদি তাদেরকে অসন্তুষ্ট করে থাক, তাহলে তুমি আসলে তোমার

প্রতিপালককে অসন্তুষ্ট করেছ।” সুতরাং আবু বকর তাঁদের নিকট এসে বললেন, ‘ভাইয়েরা! আমি কি তোমাদেরকে অসন্তুষ্ট করেছি?’ তাঁরা বললেন, ‘না। আল্লাহ আপনাকে ক্ষমা করুক প্রিয় ভাইজান।’ (মুসলিম) [1]

## English

(33) Chapter: Benevolent Treatment towards Orphans, Girls, the Weak, the Poor and the Humble Persons

'Aidh bin 'Amr Al-Muzani (May Allah be pleased with him) reported: Abu Sufyan passed by Salman, Suhaib and Bilal and some other Companions (May Allah be pleased with them). They said to him: "Did not the swords of Allah exact their due from the foes of Allah?" Abu Bakr (May Allah be pleased with him) said to them: "Do you speak like this to the chief of the Quraish and their master?" Then he went to the Prophet (ﷺ) and related this to him. He (ﷺ) said, "Abu Bakr, perhaps you have angered them. If so, you have angered your Rubb". Abu Bakr (May Allah be pleased with him) went back to them and said: "Brothers, did I offend you?" They replied: "No. May Allah forgive you, brother".

[Muslim].

Commentary: This Hadith enjoins the Muslims to treat one another with affection and kindness and keep their hearts free from ill-feeling and malice. If someone inadvertently says to another anything that hurts the latter's feelings, he must immediately apologize to him.

## ফুটনোট

[1] মুসলিম ২৫০৮, আহমাদ ২০১১৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আইয় ইবনু আমর মুয়ানী (রা.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22639>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন